**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 04-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**.Kharchi Fest**. .

পুরান আগরতলার ঐতিহ্যবাহী চতুর্দশ দেবতা বাড়িতে খার্চি পূজা ও উৎসবের আজ দ্বিতীয় দিন। পুজো দিতে সকাল থেকে মন্দিরে পুন্যার্থীদের সমাগম ঘটছে। গতকাল প্রথম দিনে অনেক রাত পর্যন্ত মেলায় লোক সমাগম ছিল।

গতকাল সকালে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা খার্চি মেলা ও উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার সুপ্রাচীন এই পূজা ও উৎসব, জাতি- জনজাতির সৌভ্রাতৃত্বের মেল বন্ধনকে দৃঢ় করে। এই পূজায় জাতি - জনজাতির সুখ সমৃদ্ধি বৃদ্ধি হয়, রোগ শোক দুর হয় বলে পুন্যার্থীদের বিশ্বাস।এর মাধ্যমে ঐতিহ্য ও পরম্পরা সমৃদ্ধ হয়। তিনি বলেন, এই উৎসবকে ঘিরে লক্ষ লক্ষ লোকের সমাগম ঘটে। রাজ্য ও দেশে বিভিন্ন প্রান্ত থেকে এমনকি বিদেশ থেকেও লোক অংশ নেন এই উৎসবে। মুখ্যমন্ত্রী বলেন, চতুর্দশ দেবতা বাড়িকে কেন্দ্র করে এখানে পর্যটন কেন্দ্র গড়ে তোলা হবে। তিনি জানান , ত্রিপুরার জনজাতিদের হারিয়ে যাওয়া কৃষ্টি, সংস্কৃতি ও পরম্পরাগত ঐতিহ্য ফিরিয়ে আনতে ও তাকে রক্ষায় রাজ্য সরকার উ্দ্যোগ নিয়েছে।

(,Byte C.M.)

*************************

**.Train Service Disrupted:**

লামডিং- বদরপুর সেকশনে ফের ট্রেন চলাচল বিঘ্নিত হওয়ায় শিলচর, আগরতলার মধ্যে চলাচলকারী বেশ কিছু ট্রেন হয় বাতিল করা হয়েছে নয়তো

যাত্রা পথ নিয়ন্ত্রণ করা হয়েছে।  এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আজকের গুয়াহাটি-আগরতলা-  বিশেষ ট্রেন বাতিল করা হয়েছে।  আগরতলা-লোকমান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস ট্রেনটিকে নিউ হাফলং থেকে নিয়ন্ত্রণ করা হয়েছে।  আগরতলা- ফিরোজপুর  ক্যান্টমমেন্ট ত্রিপুরা সুন্দরী এক্সপ্রেস ট্রেনটি গতকাল ধর্মনগর থেকে আগরতলায় ফিরিয়ে আনা হয়েছে।  সাব্রুম-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনটি গতকাল মাহুর পর্যন্ত পৌঁছেছিল সেটিকে নিউহাফলং, থেকে নিয়ন্ত্রণ করা হয়েছে, ট্রেনটি পরবর্তী সময়ে লামডিং পর্যন্ত যাতায়াত করবে। আনন্দবিহার-আগরতলা তেজস রাজধানী এক্সপ্রেস, এসএমভিটি - ব্যাঙ্গালুরু - আগরতলা  এক্সপ্রেস ট্রেনগুলো আপাতত  গুয়াহাটি পর্যন্ত চলাচল করবে। প্রসঙ্গত গতকাল বিকেলে ডিহাখো- মুপা রেল ষ্টেশনের মাঝে এক স্থানে রেল লাইনে মাটি পাথরের ধস পড়ায় লামডিং- বদরপুর রুটে ট্রেন চলাচল পুনরায় বন্ধ করে দেওয়া হয়।  আজ বিকেলের মধ্যে ধবস সরানোর কাজ সম্ম্পন্ন হবে বলে আশা করছে এন এফ রেলওয়ে কর্তৃপক্ষ |

***************************

**PM Five Nation visit:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর পাঁচ দেশের সফরের দ্বিতীয় পর্যায়ে ত্রিনিদাদ ও টোবাগোতে পৌঁচেছেন শ্রী মোদী ত্রিনিদাদ ও টোবাগোর রাষ্ট্রপতি ক্রিস্টিন কার্লা কাঙ্গালু এবং প্রধানমন্ত্রী কমলা পারসাদ-বিসেসারের সাথে আলোচনা করবেন এবং পোর্ট অফ স্পেনে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা করবেন। তাঁর সফরকালে, প্রধানমন্ত্রী মোদী ত্রিনিদাদ ও টোবাগোর সংসদের যৌথ অধিবেশনে ভাষণ দেবেন বলে আশা করা হচ্ছে এবং প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যেও ভাষণ দেবেন।

********************

**Cabinet Expansion:**

নলছড়ের বিধায়ক কিশোর বর্মনকে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা তাঁর মন্ত্রিসভার সপ্রসারন ঘটিয়েছেন । গতকাল রাজভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু কিশোর বর্মনকে মন্ত্রগুপ্তি ও শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, তাঁর মন্ত্রিসভার সদস্যগন, মুখ্যসচিব, রাজ্য পুলিশ মহানির্দেশক ও অন্যান্য বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

*************************

**AADHAAR Authentication:**

এ বছর জুন মাসে আধার নম্বর ধারীদের প্রায় ২কোটি ৩০ লক্ষ আধার যাচাইকরণ লেনদেন সম্পন্ন হয়েছে। যা গত বছরের একই মাসের তুলনায় ৭.৮ শতাংশ বৃদ্ধি হয়েছে। কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি ও বৈদ্যুতিন মন্ত্রণালয় জানিয়েছে, এই বৃদ্ধি আধারের ব্যাপক ব্যবহার ও উপযোগিতা এবং দেশের ডিজিটাল অর্থনীতির বৃদ্ধিকে সুচিত করছে।

******************

ভারতের নির্বাচন কমিশন বুধবার নয়াদিল্লীতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাত করল | প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার নেতৃত্বে এবং নির্বাচন কমিশনার ড: সুখবীর সিং সান্ধু ও ড: বিবেক জোশীর উপস্থিতিতে কমিশন দলীয় প্রতিনিধিদের উথাপিত উদ্বেগ , সমস্যা ও প্রশ্নাবলীর উত্তর দেয় এবং বিহারে এস আই আর ২০২৫ প্রক্রিয়া বিস্তৃত ব্যাখ্যা করে | সাক্ষাতকালে বিভিন্ন রাজনৈতিক প্রতিনিধি উপস্থিত ছিলেন | নির্বাচন কমিশন জানিয়েছে এস আই আর একটি পরিকল্পিত , সুগঠিত ও পর্যায়ভিত্তিক প্রক্রিয়া

| সকল যোগ্য নাগরিকের নাম অন্তর্ভুক্ত  করার জন্য  এই প্রক্রিয়া পরিচালিত হচ্ছে |

*************************

**Society of Voluntary Blood Donars:**

সোসাইটি অফ ভলান্টারী ব্লাড  ডোনার্স-এর  বার্ষিক সাধারণ সভা কাল আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠিত হয়। সভায় আগামী ২ বছরের জন্য নতুন কার্যকরী কমিটি গঠিত হয়। নতুন কমিটির সভাপতি মনোনীত হয়েছেন  চন্দন সরকার, সহ সভাপতি মনোনীত  শিখা চক্রবর্তী,  সম্পাদক মনোমীত হয়েছেন প্রণব বনিক, সহ সম্পাদক বিশ্বনাথ চক্রবর্তী, কোষাধ্যক্ষ মনোনীত হয়েছেন রুবি আচার্য।  সোসাইটি অফ ভলান্টারী ব্লাড ডোনার্স-এর পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়।

*****************

**Drugs of 50 lakh :**

পুলিশী অভিযানে গতকাল উত্তর জেলার বাগবাসা থেকে প্রচুর পরিমানে নিষিদ্ধ নেশা জাতীয় ট্যাবলেট উদ্ধার হয় | গতকাল বাগবাসা থানার ওসি পার্থ দেব জানান, নাকা পয়েন্টে  তল্লাশি করার সময় আসামের নিলাম বাজার এলাকার এক যুবকের কাছ থেকে দশ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। অভিযুক্ত যুবককে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার নেশার ট্যাবলেটের মুল্য ৫0 লক্ষ টাকা হবে বলে জানান ওসি।

****************

**Weather .**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ  সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের সব জেলায় বজ্র  বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে।  সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারি বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি পাতের পরিমান ছিল ১০.৮ মিলিমিটার।  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

*******************

*****************